

‘শিক্ষা জাতীয় উন্নয়ন এজেন্ডার মূল ভিত্তি’

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী ও ইউনেস্কোর ভাইস প্রেসিডেন্ট নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা অনুযায়ী ২০২১ সালের মধ্যে মধ্য আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ গড়ে তুলতে বাংলাদেশের শিক্ষাকে জাতীয় উন্নয়ন এজেন্ডার মূল ভিত্তি বিবেচনা করা হচ্ছে। গতকাল প্যারিসে ইউনেস্কো সদর দপ্তরে আয়োজিত সাধারণ অধিবেশনের লিডার্স ফোরামে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিনিধি হিসেবে বক্তৃতায় এ কথা বলেন তিনি।

লিডার্স ফোরামে ফ্রান্সের প্রেসিডেন্ট ফ্রান্সোয়া ওলন্দ, মাল্টার প্রেসিডেন্ট মেরি লুইজ সোলিয়ো ফিকাসহ বিশ্বনেতারা বক্তব্য দেন। এতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্য দেওয়ার কথা থাকলেও তিনি উপস্থিত হতে না পারায় তাঁর প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী বক্তব্য দেন।

নুরুল ইসলাম নাহিদ বলেন, ‘শিক্ষায় টেকসই বিনিয়োগের মাধ্যমে এরই মধ্যে বাংলাদেশে প্রাথমিক স্তরে প্রায় শতভাগ

শিক্ষার্থী ভর্তি এবং মাধ্যমিক স্তর পর্যন্ত ছাত্রছাত্রী সংখ্যায় সমতা অর্জন করেছে। এর মধ্যে দিয়ে বাংলাদেশ জাতিসংঘের সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা পূরণে সমর্থ হয়েছে। ২০১৩ সাল থেকে বছরের প্রথম দিনে আমরা প্রাথমিক ও মাধ্যমিক স্তরের সব ছাত্রছাত্রীকে বিনা মূল্যে পাঠ্যপুস্তক দিচ্ছি। এ কার্যক্রমকে বিশ্বের সর্ববৃহৎ উদ্যোগ হিসেবে উল্লেখ করে নাহিদ বলেন, ‘এ বছর আমরা প্রায় ৩৩ কোটি পাঠ্যপুস্তক বিতরণ করেছি। ২০১৬ সালে আমরা ৩৫ কোটি বই দেব।’ তিনি আরো বলেন, দেশে এক কোটি ৩৪ লাখ দরিদ্র শিক্ষার্থী সরকারের উপবৃত্তি সুবিধা পাচ্ছে, যার মধ্যে ৭৫ শতাংশই ছাত্রী।

শিক্ষামন্ত্রী সন্ত্রাস ও জঙ্গিবাদ মোকাবিলায় ইউনেস্কোর ভূমিকা বিশেষভাবে উল্লেখ করে বলেন, উগ্র জঙ্গিদের সদ থেকে দূরে রাখতে যুবসমাজকে মূলধারার সঠিক শিক্ষায় শিক্ষিত করতে হবে। উল্লেখ করে তিনি বলেন, বাংলাদেশ সরকার সব ধরনের সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে।